

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-৯৭ (আগরতলা ১৩১০৮)  
খোয়াই, ১৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**মুখ্য নির্বাচনী আধিকারিকের সভাপতিত্বে খোয়াই জেলায় বৈঠক**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রে ভোট গ্রহণের প্রস্তুতি ক্ষতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়ালের সভাপতিত্বে খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সিইও পুনিত আগরওয়াল নির্বাচনী নিয়ম নীতি সঠিকভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি আবেদন জানান। নির্বাচনী আচরণবিধি পালনের বিষয়েও তিনি গুরুত্বারূপ করেন। বৈঠকে খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দন পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশনের মাধ্যমে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের লোকসভা ভোটের প্রস্তুতির বিষয়গুলি তুলে ধরেন। বৈঠকে উপস্থিত ছিলেন স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও, সিআরপিএফ'র ডিআইজি কর্মা ভুটিয়া, খোয়াই জেলার পুলিশ সুপার ড. রমেশ যাদব, এআরও পরিমল মজুমদার, এআরও মেঘা জৈন, এআরও কেশব কর, এআরও অভিজিৎ চক্রবর্তী, এআরও শিবেন্দু দেববর্মা, এআরও অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী সহ সংশ্লিষ্ট অফিসারগণ। মুখ্য নির্বাচনী আধিকারিক এদিন ২৪-রামচন্দ্রগাঁও (এসটি), ২৫-খোয়াই ও ২৬-আশারামবাড়ি (এসটি) বিধানসভা কেন্দ্রের স্ট্রং রুমগুলি পরিদর্শন করেন। স্ট্রং রুম পরিদর্শনের সময় জেলাশাসক চাঁদনী চন্দন, অতিরিক্ত জেলাশাসক কেশব কর, রাজ্য পুলিশের নোডাল অফিসার জি এস রাও, এসপি ড. রমেশ যাদব, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*